



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
সাভার, ঢাকা।  
[www.bpatc.org.bd](http://www.bpatc.org.bd)



নং-০১.০৫.২৬৭২.১২৬.০৫.০০১.০৭.১৫০

তারিখ : ১৮/০৯/২০২২

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২২ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়া (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ অনুসরণ করে বিদ্যমান সিটিজেন্স চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিটিজেন্স চার্টার নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদ করা হয়েছে। প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চার্টার
২.	সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রদত্ত তথ্যকে আরো জনবান্ধব করতে পিডিএফ এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরূপ এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংকএর সুবিধাসহ) আপলোড করতে হবে।	পিডিএফ এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরূপ এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংকএর সুবিধাসহ) আপলোড করা হয়েছে। প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চার্টার এ হাইপার লিংক সংযোজন
৩.	সেবা প্রদানকারী কর্মকর্তার পদবীর সাথে আবশ্যিকভাবে নাম ও মোবাইল নম্বরসহ তথ্য দিতে হবে।	সেবা প্রদানকারী কর্মকর্তার পদবীর সাথে নাম ও মোবাইল নম্বরসহ তথ্য দেওয়া হয়েছে। প্রমাণক: অফিস আদেশ
৪.	সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক এইচটিএমএল লিংকের মাধ্যমে সিটিজেন্স চার্টারে সরবরাহ করতে হবে। সেবার জন্য কোন কাগজপত্র সংযুক্ত আকারে দেয়ার বাধ্যবাধকতা থাকলে এবং চুক্তি/প্রস্তাব/চাহিদাপত্র প্রেরণের প্রয়োজন হলে যথাক্রমে কাগজপত্রের বিবরণ, সংখ্যা এবং সত্যায়ন প্রয়োজন কি-না তা উল্লেখ করতে হবে এবং চুক্তিপত্রের নমুনা/প্রস্তাবের ফর্ম লিংকের মাধ্যমে সংযুক্ত করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের উল্লেখ থাকলে তার মাধ্যমে (ওয়েবসাইট/সংবাদপত্র) উল্লেখ করতে হবে।	সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক এইচটিএমএল লিংকের মাধ্যমে সিটিজেন্স চার্টারে সরবরাহ করা হয়েছে। প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চার্টার এ হাইপার লিংক সংযোজন

*[Handwritten signature]*

৫.	ওয়েবসাইটের বিন্যাসে সরকারী পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পৃথক বক্স আইকন রাখতে হবে।	ওয়েবসাইটের বিন্যাসে সরকারী পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পৃথক বক্স আইকন স্থাপন করা হয়েছে।  প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চাটার আইকন
৬.	সকল দপ্তর/সংস্থার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটে নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে নির্দিষ্ট অংশে আপলোড করা হয়েছে।  প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চাটার এর স্ক্রিনসট
৭.	সিআর অধিশাখার স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১ম অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	প্রযোজ্য নয়

০২। মহোদয়ের সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
০৫/০৭/২০২২

(খাতুনে জান্নাত)

উপপরিচালক (প্রশাসন)  
বিপিএটিসি, সাভার, ঢাকা

অতিরিক্ত সচিব (সিআর) ও সভাপতি  
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, জনপ্রশাসন মন্ত্রণালয়,  
ঢাকা।

নং-০১.০৫.২৬৭২.১২৬.০৫.০০১.০৭.১৫০

তারিখ : ১৮/০৯/২০২২

বিতরণ: সদয় অবগতির জন্য

১। পিএসটু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের অবগতির জন্য);

২। সংশ্লিষ্ট নথি।

(খাতুনে জান্নাত)

উপপরিচালক (প্রশাসন)